মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা

‘ ‘নিরাপদ মাছে ভরবো দেশ,বঙ্গবন্ধুর বাংলাদেশ’’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগর উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করেছে উপজেলা মৎস্য অধিদপ্তর।

শনিবার বেলা ১১ টার সময় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার সভা কক্ষে মত বিনিময় সভার আয়োজন করে উপজেলা মৎস্য অধিদপ্তর।

উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলামের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন,উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা নাজমুস সাকিব, ক্ষেত্র সহকারী আহসান হাবীব।

এসময় স্থানীয় ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় কর্মরত সাংবাদিকগন দেশীয় প্রজাতীর মাছ রক্ষায় বিভিন্ন দিক নির্দেশনা ও পরামর্শ মুলক বক্তব্য রাখেন।

মতবিনিময় সভায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম সাংবাদিকদের জানান, নিরাপদ মাছে ভরবো দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ এই শ্লোগান নিয়ে এবারের জাতীয় মৎস্য সপ্তাহ পালন করা হচ্ছে। মৎস্য সপ্তাহ উপলক্ষে মৎস্য দপ্তরের বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। সাত দিনের কর্মসূচির মধ্যে রয়েছে,প্লেকার্ড,ব্যানার,ফেষ্টুন সহকারে বর্ণাঢ্য র্যালি, উপজেলা ব্যাপি প্রচার প্রচারণা, পুকুরে পোনামাছ অবমুক্তকরণ,মৎস্য চাষিদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ, প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষি ও মৎস্যজীবিদের সাথে মতবিনিময়, এছাড়াও সুফলভোগীদের প্রশিক্ষণ এবং তাদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে।

জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে গাংনীতে সাংবাদিকদের সাথে মতবিনিময়

‘ ‘নিরাপদ মাছে ভরবো দেশ,বঙ্গবন্ধুর বাংলাদেশ’’ এ প্রতিপাদ্যে মেহেরপুরের গাংনী উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উদযাপন ◌্উপলক্ষে সাংবাদিকদের সাথে মত বিনিময় সভা করেছে উপজেলা সৎস্য অধিদপ্তর।

আজ শনিবার বেলা ১১ টার সময় উপজেলা সভা কক্ষে মত বিনিময় সভার আয়োজন করে উপজেলা মৎস্য অধিদপ্তর। উপজেলা মৎস্য কর্মকর্তা সহিদুর রহমানের সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রাসেল রানা,সহকারি শিক্ষা অফিসার মনিরুল ইসলাম,বিআরডিবি কর্মকর্তা শাহ আলম।

এসময় স্থানীয় ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় কর্মরত সাংবাদিকগন দেশীয় প্রজাতীর মাছ রক্ষায় বিভিন্ন দিক নির্দেশনা ও পরামর্শ মুলক বক্তব্য রাখেন।

গাংনীতে সিএনজিতে মিললো ফেনসিডিল, আটক এক যুবক

সিএনজি তল্লাশি করে ৭৫ বোতল ফেনসিডিলসহ মাদক কারবারী রতন আলী
(২২) কে আটক করে বামন্দী পুলিশ ফাঁড়ির সদস্যরা।
মাদক কারবারী রতন আলী গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আলমপুর বাজার এলাকার বাবুল হোসেনের ছেলে।

শুক্রবার (২২ জুলাই) সকালে এ উপজেলার রামনগর গ্রামে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিলসহ আটক করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান,

বামন্দি পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই মনজুরুল কবিরের নেতৃত্বে এএসআই শেখ মোঃ বিপ্লব হোসেন ও সঙ্গীয় ফোর্সসহ রামনগর বাজারে একটি সিএনজিকে গতি রোধ করে তল্লাশি চালাই। পরে সিএনজির মধ্যে থাকা রতন আলীকে ৭৫ বোতল ফেনসিডিলসহ আটক করেন। এসময় মাদক বহনে ব্যবহৃত সিএনজিটি জব্দ করা হয়।

তিনি আরো জানান, রতনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। শনিবার সকালে আদালতোর মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

কোটচাঁদপুর গৃহকর্তার বিরুদ্ধে গৃহকর্মীকে আটকে রেখে মারপিটের অভিযোগ

ঝিনাইদহের কোটচাাঁদপুরে জয়নাল মন্ডল নামের এক গৃহকর্তার বিরুদ্ধে গৃহকর্মী সোমা খাতুন (২২)কে ঘরে আটকে রেখে মারপিট করার অভিযোগ উঠেছে।

খবর পেয়ে পরিবারের লোকজন তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছেন। গতকাল বৃহস্পতিবার দুপুরে স্থানীয় মডেল থানা সংলগ্ন আম বাজার এলাকায় এ ঘটনা ঘটে। সোমা কোটচাঁদপুর থানা এলাকার খোকনের মেয়ে।

ভুক্তভোগী গৃহকর্মী সোমার পিতা খোকন জানায়, গেল দুই মাস হল তাঁর মেয়ে জয়নাল মন্ডলের বাড়িতে গৃহপরিচারিকার কাজ নেন। সে দুই মাস কাজ করলেও পারিশ্রমিক দেননি গৃহকর্তা জয়নাল। ওই টাকা চাওয়ায় বৃহস্পতিবার সোমার বিরুদ্ধে ১০ ভরি রৌপ্য, ১ ভরি সোনার চেইন ও নগদ ৪৫ হাজার টাকা চুরির অপবাদ দিয়ে ঘরে আটকে রাখেন গৃহকর্তা। এরপর তার উপর পাশবিক নির্যাতনও করেন জয়নাল।

তিনি আরো বলেন, এ সময় জয়নাল তার স্ত্রী-সন্তান সবাই সোমার উপর শারীরিক নির্যাতন করেন। এছাড়া থানা থেকে সাদা পোশাকধারী দুই

পুলিশ সদস্যকে ডেকে নিয়ে তার হাতে হ্যান্ডকাফ পরিয়ে দেয়া হয়। এরপর তারাও নির্যাতন করেন।

এদিকে সময় মত মেয়ে বাড়িতে না ফেরায় চিন্তায় পড়ি। পরে সোমার মোবাইল নাম্বারে কল করলে মোবাইল রিসিভ করেন বাড়ির মালিক জয়নাল। তিনি আমাকে তার বাড়িতে যেতে বলেন। এরপর ঘটনাস্থলে গিয়ে মেয়েকে ঘরের মেঝেতে পড়ে থাকতে দেখি। পরে তারা আমাকে চুরির কথা বলেন। পরে মেয়েকে উদ্ধার করে কোটচাঁদপুর হাসপাতালে ভর্তি করানো হয়। তিনি এ ঘটনার সুষ্ট তদন্ত দাবি করেন। সাথে সাথে দোষিদের বিচার ও দাবি করেন। এ ব্যাপারে তাঁর পিতা থানায় লিখিত অভিযোগ করেছেন।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর মডেল থানার ডিউটিরত উপপরিদর্শক নাজিবুল জানান, নির্যাতনের অভিযোগে ভুক্তভোগী গৃহকর্মী বাদি হয়ে জয়নাল ও তার ছেলে জাহিদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন। বিষয়টি তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা করা হবে।

দর্শনার আজমপুরে দুধর্ষ চুরি

দর্শনা পৌরসভার বাজার সংলগ্ন আজমপুর গ্রামে দুধর্ষ চুরির ঘটনা ঘটেছে। এতে চোরেরা ঘরের মধ্যে প্রবেশ করে নগদ টাকা, স্বর্ণালংকার ও মোবাইল ফোন লুট করে পালিয়েছে।

এ দুধর্ষ চুরির ঘটনাটি ঘটেছে দর্শনা আজিমপুরের আয়াত আলীর বাড়ি। এ ঘটনায় দর্শনা থানায় করা হয়েছে সাধারন ডায়েরী। জানাগেছে, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার আজিমপুরের (আল্লাহরদান হোটেলের পিছনে) গ্রামের বাসিন্দা মৃত শরবত আলীর ছেলে দর্শনা রেল বাজারের মৌ কনফেকশনারী ফাস্টফুডের মালিক আয়াত আলী বাড়ি গত বৃহস্পতিবার দিনগত গভীর রাতে একদল চোর চক্র হানা দেয়।

এসময় চোরেরা তার বাড়ি অভিনব কায়দায় প্রবেশ করে বসতঘরের শয়ন কক্ষের ডেসিন টেবিলের ড্রয়ারের মধ্য থেকে নগদ ৩৫ হাজার টাকা, দুই জোড়া স্বর্ণের কানের দুল, ১টি স্বর্ণের আংটি, ২ টা এ্যানড্রোয়েট মোবাইল ফোন চুরি করে নির্বিগ্নে পালিয়ে যায়।

বাড়ির গৃহকর্তা আয়াত আলী জানান, প্রতিদিনের ন্যায় গত বৃহস্পতিবার দিবাগত রাতে খাওয়া-দাওয়া শেষে পরিবারের সকলে ঘুমিয়ে পড়ি। সকালে ঘুম থেকে জেগে উঠে দেখতে পাই ঘরের আসবাবপত্র সহ অন্যান্য মালামাল এলোমেলো ভাবে পড়ে রয়েছে। এতে বুঝতে পাড়ি রাতের কোন এক সময় ঘরের মধ্যে চোরেরা প্রবেশ করে নগদ টাকা ও স্বর্ণালংকার ও মোবাইল ফোন লুট করে নিয়ে গেছে। এ চুরির ঘটনায় দর্শনা থানায় একটি সাধারন ডায়েরী করেছে আয়াত আলী।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ,এইচ,এম লুৎফুল কবীর ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। চোর ধরতে অভিযান চালানো হচ্ছে।

গাংনীতে ছোট ভাইয়ের হাসুয়ার কোপে বড় ভাই রক্তাক্ত

ছোট ভাইয়ের হাসুয়ার কোপে বড় ভাই সিরাজুল ইসলাম (৪৫) রক্তাক্ত জখম হয়েছে। সিরাজুল ইসলাম গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের মোল্লাপাড়া এলকার আব্দুল গনির ছেলে। আজ শুক্রবার (২২ জুলাই) বিকাল ৪ টার সময় এ ঘটনা ঘটে।

আহত সিরাজুল জানান, প্রতিবেশী আহসান আলীর জমির পথ দিয়ে আমি এবং আমার ছোট ভাই ওয়াসিম চলাচল করি।
আজ শুক্রবার বেলা ৪ টার দিকে ওয়াসিম ও তার স্ত্রী তাসলি খাতুন সেই পথ বন্ধ করতে মান গাছ লাগাচ্ছিল।

তাকে নিষেধ করাই হাতে থাকা হাসুয়া দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে। এসময় আমার আত্মচিৎকারে স্থানীয়রা ছুটে এসে আমাকে উদ্ধার করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সীমা খাতুন বলেন, তার মাথায় ধারালো অস্ত্রের জখম হয়েছে। তিনটা সেলাই দেওয়া হয়েছে। তবে সে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

এদিকে আহত সিরাজুল ইসলাম বিচারের দাবীতে গাংনী থানায় মামলার

পূবালী ব্যাংক লিমিটেড বামন্দী উপ শাখার উদ্বোধন

পূবালী ব্যাংক লিমিটেড বামন্দী উপ শাখার উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১টায় বামন্দীর বাজারের এ বি টাওয়ারে উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পূবালী ব্যাংক লিমিটেডের উপ মহাব্যবস্থাপক ও খুলনার অঞ্চল প্রধান মোহাম্মদ আরিফুর রহমান।

এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, পূবালী ব্যাংক প্রথম বাঙালী মালিকানায় প্রতিষ্ঠিত সর্ববৃহৎ বেসরকারী বানিজ্যিক ব্যাংক। দেশের অর্থনৈতিক সমৃদ্ধি ও উন্নয়নের সহযোগী হিসেবে সুদীর্ঘ ৬৩ বছর যাবৎ সুনামের সাথে ব্যাংকিং সেবা প্রদান করে আসছে। সকল প্রকার আধুনিক ও প্রযুক্তিগত সেবা নিয়ে দেশের প্রত্যন্ত অঞ্চলে ব্যাংকিং সেবা গ্রাহকের দোর গোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে শাখার পাশাপশি উপ শাখা সমূহ চালু করছে।

তিনি আরও বলেন, বামন্দী অনেক পুরাতন ব্যবসা সমৃদ্ধ এলাকা। তাই এখানে পূবালী ব্যাংক উপ শাখা স্থাপন করলো। এটা উপ শাখা হলেও একটি শাখার মত পূর্ণাঙ্গ ব্যাংকিং সেবা প্রদান করবে। তিনি সকলকে এ সেবা গ্রহণ করার আহবান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, পূবালী ব্যাংক লিমিটেডের সহকারী মহাব্যবস্থাপক ও ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক কাজী সিহাবুল ইসলাম ও জহিরুল লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ জহিরুল ইসলাম।

পূবালী ব্যাংক লিমিটেডের প্রিন্সিপাল অফিসার ও মেহেরপুর শাখার ব্যবস্থাপক মোঃ ইমরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যদের

মধ্যে বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিমিটেডের সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও চুয়াডাঙ্গা শাখার ব্যবস্থাপক মোঃ মনছুর আলীর,বামন্দী উপ শাখার ব্যবস্থাপক মোঃ নূরুল আমীন, বামন্দী বাজার মালিক সমিতির সভাপতি আব্দুল আওয়াল, বিশিষ্ট ব্যবসায়ী মোঃ মতিয়ার রহমান, মোঃ শরীফুল ইসলাম, বামন্দী উপ শাখার ভবন মালিক আব্দুল জব্বার গামা প্রমূখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন পূবালী ব্যাংকের আঞ্চলিক কার্যালয়ের প্রিন্সিপাল অফিসার শেখ আবু শামীম।

গাংনীতে প্রধানমন্ত্রীর উপহার ঘর পেলেন ৭ জন পরিবার

প্রধানমন্ত্রীর ঘোষণা ‘বাংলাদেশের একজন মানুষও ভূমিহীন গৃহহীন থাকবে না”। বাস্তবায়নের লক্ষ্যে গাংনী উপজেলায় বাস্তবায়নাধীন “আশ্রায়ন প্রকল্প”-২ এর আওতায় গাংনী উপজেলায় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে তৃতীয় পর্যায়ের ২য় ধাপে ২ শতাংশ জমিসহ ৭টি সেমি পাকা বাড়ি ভূমিহীন-গৃহহীন পরিবারের মাঝে হস্তান্তর করা হয়েছে।

বৃহস্পতিবার গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে অনুষ্ঠানিকভাবে ভূমিহীন-গৃহহীন পরিবারের মাঝে হস্তান্তর করা হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে অনুষ্ঠিত ভূমিহীন-গৃহহীন পরিবারের মাঝে হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব আশরাফুজ্জামান ভূঁইয়া।

বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতু।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম, উপজেলা কৃষি কর্মকর্তা লাভলী খাতুন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাকসহ সরকারি বিভিন্ন দপ্তরের

কর্মকর্তাবৃন্দ।

গাংনী উপজেলার উপকারভোগীদের ভূমিহীন-গৃহহীন পরিবারের মাঝে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ (জমির দলিল এবং খতিয়ান) তুলে দেওয়া হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেন, প্রধানমন্ত্রীর ঘোষণার ‘বাংলাদেশের একজন মানুষও ভূমিহীন গৃহহীন থাকবে না “আশ্রায়ন প্রকল্প” প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ধাপের আওতায় গাংনী উপজেলায় ১৬০ জন ভূমিহীন-গ্রহহীনদের মাঝে ঘর ও জমি বরাদ্দ পাওয়া গেছে। এর মধ্যে বৃহস্পতিবার ৭ জনের মাঝে ও এর আগে ১৩২ জনের মাঝেসহ ১১৮ টি বরাদ্দ দেওয়া সম্পন্ন করা হয়েছে। বাকীগুলো নির্মাণাধীন রয়েছে। সেগুলো শেষ হলে এসব ব্যক্তিদের মাঝে বরাদ্দ দেওয়া হবে।

মেহেরপুরে গৃহহীন ও ভূমিহীনরা পেলেন প্রধানমন্ত্রীর উপহারের ঘর

প্রধানমন্ত্রীর ঘোষণা বাংলাদেশের একজন মানুষও ভূমিহীন গৃহহীন থাকবে না। বাস্তবায়নের লক্ষ্যে বাস্তবায়নাধীন “আশ্রায়ন প্রকল্প”- ২ এর আওতায় মেহেরপুর সদর উপজেলায় তৃতীয় ধাপে প্রথম পর্যায়ের ৮৪টি পরিবারকে ভূমি ও গৃহ প্রদানের চাবী হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে উপজেলা প্রশাসনের সহযোগিতায় নির্মীত গৃহ ভূমিহীন গৃহহীন প্রতিটি পরিবারকে হস্তান্তর করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০ টার সময় মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠানিকভাবে এসব ঘর হস্তান্তর করার মধ্য দিয়ে ভূমি ও গৃহ প্রদানের অনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

মেহেরপুর স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম মেহেরপুর সদর উপজেলা ভূমিহীনদের মাঝে ভুমি ও

গৃহ প্রদান করেন।

সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত গৃহ প্রদান অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা।

মুজিবনগর ৪ ইউনিয়ন সম্মলিত মানচিত্রের পাশে সৌন্দর্য বর্ধন গাছ রোপন করলেন জেলা প্রশাসক

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের অনুপ্রেরণায় এবং মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের তত্ত্বাবধানে মুজিবনগর উপজেলা পরিষদের সামনে উপজেলার ৪ ইউনিয়ন সম্মলিত মনোমুগ্ধকর (চেতনায় মুজিবনগর চত্তরের) মানচিত্রের সামনে টবে দুইটি সৌন্দর্য বর্ধন গাছ রোপন করলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

বৃহস্পতিবার দুপুরে প্রধানমন্ত্রীর দেয়া উপহার জমি ও গৃহ হস্তান্তর শেষে এ গাছ রোপন করেন তিনি।

এ সময় তিনি পোড়ামাটির টেরাকোঠা দিয়ে তৈরি জাতির জনক বঙ্গবন্ধুর প্রতিকৃতি স্টিল দিয়ে লেখা আই লাভ মুজিবনগর এবং মুজিবনগর উপজেলার চারটি ইউনিয়নের মানচিত্রের প্রশংসা করেন।

তিনি মানচিত্রের সামনের দিকটায় ঘাস এবং চারিপাশে ফুল গাছ লাগিয়ে দিলে আরো সুন্দর দেখাবে বলে মন্তব্য করেন এবং এতে করে মানচিত্র দেখতে আসা পর্যটকদের মনটা আরো মনোমুগ্ধকর হয়ে উঠবে।

বৃক্ষ রোপনের সময় উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) অপু সরোয়ার, মুজিবনগর